



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
শস্য বিভাগ
www.barc.gov.bd

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০৪.২২.০২০.১৬.১৩

তারিখ: ২৮ মাঘ ১৪২৬

১১ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: বাংলাদেশ উদ্ভিদ কৌলিসম্পদ ইনস্টিটিউট আইন-২০২০ এর খসড়া পর্যালোচনা সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-১২.০০.০০০০.০৬৩.২২.০০১.২০-৪৫; তারিখ: ০৩/০২/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উদ্ভিদ কৌলিসম্পদ ইনস্টিটিউট আইন-২০২০ এর খসড়া কৃষি মন্ত্রণালয় হতে মন্ত্রিপরিষদ বিভাগের খসড়া আইনের উপর পরীক্ষা-নিরীক্ষা পূর্বক মতামত সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত কমিটি কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) উদ্যোগী মন্ত্রণালয় উদ্ভিদ কৌলিসম্পদ সংরক্ষণের জন্য একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা পুনঃনিরীক্ষা করবে;

(খ) খসড়া আইনের শিরোনাম উদ্ভিদ কৌলিসম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনা করার বিষয় উদ্যোগী মন্ত্রণালয় পুনঃপরীক্ষাপূর্বক বিবেচনা করবে; এবং

(গ) খসড়া আইনে বর্ণিত বিষয়গুলি উদ্ভিদের জাত সংরক্ষণ আইন, ২০১৯ সহ সংশ্লিষ্ট অন্যান্য আইনের সাথে সাংঘর্ষিক কী-না তা উদ্যোগী মন্ত্রণালয় পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করে পরবর্তী সভায় অবহিত করবে।

বর্ণিত বিষয়ে সদস্য পরিচালক (শস্য) এর সভাপতিত্বে আগামী ২৭ ফেব্রুয়ারি, ২০২০ সকাল ০৯:৩০ ঘটিকায় বিএআরসি'র ২নং সভাকক্ষে একসভা অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, আগামী ২৭ ফেব্রুয়ারি, ২০২০ সকাল ০৯:৩০ ঘটিকায় বিএআরসি'র ২নং সভাকক্ষে অনুষ্ঠিত সভায় উপরোক্ত সিদ্ধান্তসমূহের উপর আপনার মূল্যবান মতামতসহ অংশগ্রহণের অনুরোধ করা হলো।

১১-২-২০২০

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বিতরণ :

১) ড. মোঃ শহীদুর রশীদ ভূইয়া, প্রফেসর, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা ও সভাপতি, NPGRI স্থাপনের লক্ষ্যে গঠিত কমিটি।

২) প্রফেসর ড. মোঃ লুৎফর রহমান (অবঃ), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য, NPGRI স্থাপনের লক্ষ্যে গঠিত কমিটি।

৩) ড. মোঃ আবদুর রাজ্জাক, সাবেক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা ও সদস্য, NPGRI স্থাপনের লক্ষ্যে গঠিত কমিটি।

৪) জনাব মোঃ শাহজাহান আলী, উপদেষ্টা, বাংলাদেশ

সীড এসোসিয়েশন, ১৪৫ ছিদ্দিক বাজার, ঢাকা ও
সদস্য, NPGRI স্থাপনের লক্ষ্যে গঠিত কমিটি।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০৪.২২.০২০.১৬.১৩/১

তারিখ: ২৮ মাঘ ১৪২৬
১১ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা
কাউন্সিল (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



১১-২-২০২০

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)